

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা
www.cooperative.satkhira.gov.bd

নম্বর: ৪৭.৬১.৮৭০০.০০০.০৬.০০১.১৯.৫৮৫

তারিখ: ৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: আগস্ট-২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার নোটিশ।

সাতক্ষীরা জেলাধীন সকল উপজেলা সমবায় অফিসার ও তাঁর কার্যালয়ের সহকারী পরিদর্শকবৃন্দের এবং জেলা সমবায় দপ্তরে কর্মরত সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে মাসিক সমন্বয় সভা আগামী ২৫/০৯/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার বেলা ১২.০০ টায় এ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

এ প্রেক্ষিতে আগামী ২৩/০৯/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সংযুক্ত ছক মোতাবেক কার্যপত্র (সফট কপি নিকস ফন্টে ই-মেইলে) ও কর্মকর্তার স্বাক্ষর সহলিপি পিডিএফ কপি নথিতে প্রেরণ পূর্বক সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

আলোচ্য সূচী-০১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;

আলোচ্যসূচী-০২ : অডিট সম্পাদন, অডিট অগ্রগতি, পাবসস কর্তৃক পরিচালিত সমবায় সমিতির কার্যক্রমের অগ্রগতি ;

আলোচ্যসূচী-০৩ : অডিটে উদ্ঘাটিত তহবিল আত্মসাৎ, ত্রুটি-বিচ্যুতি সংক্রান্ত;

আলোচ্যসূচী-০৪: সমবায় সমিতির অবসায়ন ও নিবন্ধন বাতিল কার্যক্রমের অগ্রগতি;

আলোচ্যসূচী-০৫: লভ্যাংশ বিতরণযোগ্য, বিতরণকারী সমিতির সংখ্যা ও লভ্যাংশ বিতরণের পরিমাণ;

আলোচ্যসূচী-০৬: আমানত গ্রহণকারী সমবায় সমিতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচ্যসূচী-০৭: ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচ্যসূচী-০৮: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার অগ্রগতি পর্যালোচনা;

আলোচ্যসূচী-০৯: তথ্য অধিকার আইন,০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণ ও স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

আলোচ্য সূচী-১০: বাংলাদেশ ব্যাংক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচ্য সূচী-১১: বিবিধ।

কার্যপত্র তৈরীর ক্ষেত্রে আগস্ট/২০২৪ মাসের রিটার্নকে ভিত্তি ধরতে হবে।

উল্লেখ্য এ বিষয়ে কোন তাগিদপত্র/টেলিফোনে তাগদা দেয়া হবে না।

২

২০-০৯-২০২৪

এফ এম সেলিম আখতার

জেলা সমবায় অফিসার

০২৪৭৭৭৪০০৭১

dco.satkhira@coop.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিদর্শক/প্রশিক্ষক, জেলা সমবায় কার্যালয়, সাতক্ষীরা;

২। ম্যানেজার, কালব, সাতক্ষীরা। তাঁকে তাঁর আওতাধীন সমবায় সমিতিসমূহের হালনাগাদ তথ্য সহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো;

৩। ম্যানেজার, মিল্কভিটা, বিসিক শিল্পনগরী, বিনেরপোতা, সাতক্ষীরা/দুধ প্ল্যান্ট, তালা, আশাশুনি, সাতক্ষীরা;

৪। প্রিন্সিপাল অফিসার, সাতক্ষীরা কেন্দ্রীয় সমবায় ব্যাংক লি:, সাতক্ষীরা। তাঁকে কনজুমার্স ঋণ ও পার্সোনাল ঋণের হালনাগাদ তথ্যসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো;

৫। উপজেলা সমবায় অফিসার(সকল), সাতক্ষীরা। তাঁকে তাঁর কার্যালয়ের কার্যপত্রসহ সহকারী পরিদর্শকগণ, ফ্যাসিলিটিটর ও এল এফ এ আইগণকে নির্ধারিত সময়ের মধ্যে উপস্থিতি নিশ্চিত করার জন্য বলা হলো;

৬। নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি,

সাতক্ষীরা। তাঁর আওতাধীন ক্ষুদ্রাকার পানি ব্যবস্থাপনা শাখার সোসিও ইকোনোমিস্টকে অত্র সভায় যোগদান নিশ্চিত করার

জন্য অনুরোধ করা হলো এবং

৭। বিভাগীয় যুগ্ম নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর , বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।

